



২০১৬ সালের রামনাথ বিশ্বাস স্মৃতি সাহিত্য পুরস্কার প্রাপক

## শ্রী উদয়ন ঘোষ

জন্ম ১৯৪৩ সালে। বাল্যা, কৈশোর, যৌবন কেটেছে ইমফল, শিলচর, গুয়াহাটি আর শিলঙে। ছাত্রাবস্থা থেকেই কবিতা লেখেন উদয়ন, পরবর্তীকালে প্রবন্ধ রচনার পাশাপাশি অনুবাদও করেছেন। কর্মজীবন কেটেছে শিলং কলেজে পদার্থবিজ্ঞানের অধ্যাপক হিসেবে। বিখ্যাত বিজ্ঞানী কিশোরীমোহন পাঠক আর পরশকুমার চৌধুরীর তত্ত্বাবধানে অল্পস্বল্প গবেষণাও করেছেন।

বর্তমানে কলকাতা নিবাসী উদয়ন একসময়ে শিলচরের বিখ্যাত কবিতা-পত্রিকা 'অতন্দ্র'-র অন্যতম সম্পাদক ছিলেন ১৯ বছর। যখন যেখানে থাকেন সেখানেই ঘনিষ্ঠজনদের সঙ্গে কবিতা নিয়ে আলোচনা তাঁর অন্যতম নেশা। মার্ক্সবাদী রাজনীতির সঙ্গেও যুক্ত ছিলেন।

উত্তর-পূর্বাঞ্চলের সব ভাষার নির্বাচিত কবিতা সংকলন করে ইংরেজিতে অনুবাদ করেছেন, সংকলনটি সাহিত্য অকাদেমি

থেকে প্রকাশ পাবে। উদয়নের কিছু-কিছু অনুবাদ পেস্‌ইন-এর এক সংকলনে অন্তর্ভুক্ত হয়েছে।

ইতিমধ্যে উদয়নের যে-সব বই প্রকাশিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য 'বোপ জঙ্গলের কবিতা', 'শ্রেষ্ঠ কবিতা', 'কমলকুমার বোধিনী-১', 'হরিশ্চন্দ্র' (বনসাই উপন্যাস) আর 'কম্যুনিষ্ট ম্যানিফেস্টের দেড়শো বছর'। তাঁর অন্য যে-সব গ্রন্থ প্রকাশের অপেক্ষায় তার মধ্যে রয়েছে 'অর্কিড উপত্যকার ভালোবাসার গান', 'নাগা পাহাড়ের গান', 'পয়েন্টেলিস্টের আত্মকথা', 'কমলকুমার বোধিনী-২', 'উড়ো কবিতার ঝুড়ো ফুল', সংলাপ কাব্য 'রক্ত সিংহাসন' ও 'ব্ল্যাকহোল রেডিয়েশন', প্রবন্ধ সংকলন 'একথা, ওকথা, মাতকথা' এবং 'সলোমনের গান'।

হাীলাকান্দির 'সাহিত্য' পত্রিকার পক্ষ থেকে সম্মান লাভ করেছেন ২০০৭ সালে।